**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ / ০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-১৪৯-আইন/২০২১/১৪৬-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 85.09 ও 85.16 ও এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ (H.S. Code) কোডের আওতাধীন কলাম (3) এ বর্ণিত যথাক্রমে ব্লেন্ডার, জুসার, মিক্সার, গ্রাইন্ডার, ইলেক্ট্রিক কেটলি, আয়রন, রাইস কুকার, মাল্টি কুকার ও প্রেসার কুকার, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানি ও স্থানীয়ভাবে ক্রয়ের ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর সহ) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি:**

(ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;

(খ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(গ) ব্লেন্ডার, জুসার, মিক্সার, গ্রাইন্ডার উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম Plastic Jar, Stainless Steel Jar, Blade Base ইত্যাদি উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে;

(ঘ) ইলেক্ট্রিক কেটলি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম Stainless Steel Jar, Base, Top Lid, Handle ইত্যাদি উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে;

(ঙ) আয়রন উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম Sole Plate, Base Cover, Top Casing, Metal Shell ইত্যাদি উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে;

(চ) রাইস কুকার, মাল্টি কুকার, প্রেসার কুকার উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম Outer Shell, Middle Frame, Inner Pot, Heating Plate ইত্যাদি উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে;

(ছ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(জ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুবিধা গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (ছ) এ উল্লিখিত শর্তাদি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

২। শর্ত নং (জ) এর অধীন কৃত আবেদনের ভিত্তিতে বোর্ড কর্তৃক নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত পরিদর্শন কমিটির প্রতিবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

(১) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;
(২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
(৩) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা;

৩। পরিদর্শন কমিটি গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে উক্ত কমিটি পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে এবং বোর্ড দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ও প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করিবে এবং বোর্ড উহা অনুমোদন করিলে অনুমোদনের তারিখ হইতে এই সুবিধা প্রদান করা হইবে।

৪। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত

হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৫। অনুচ্ছেদ ১ এর শর্তাবলি পূরণ সাপেক্ষে, অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৪ এর বিধানাবলী পরিপালন করিতে ব্যর্থ হইলে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রাপ্য হইবে না।

৬। এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি বা রেয়াতি সুবিধা ভোগকারী কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড যে কোনো সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে, তবে অনুসন্ধানের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপনের কোন শর্ত প্রতিপালিত হইতেছে না মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করা যাইবে।

৭। ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং ইহার কার্যকারিতা ৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

**পরিশিষ্ট-ক**

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

<table>
<tr><th rowspan="2">ক্রমিক নম্বর</th><th rowspan="2">পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code)</th><th rowspan="2">উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ)</th><th rowspan="2">সরবরাহ /বিক্রয়ের একক</th><th rowspan="2">পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ</th><th rowspan="2">একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে)</th><th rowspan="2">কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য)</th><th rowspan="2">মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম</th><th rowspan="2">প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ</th><th colspan="2">সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল]</th><th rowspan="2">কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ</th><th colspan="2">মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয়সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)]</th><th colspan="2">শুল্ক ও করসহ বিক্রয়মূল্য</th></tr>
<tr><th>বর্তমান</th><th>প্রস্তাবিত</th><th>বর্তমান</th><th>প্রস্তাবিত</th><th>পাইকারি</th><th>মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে)</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td><td>(৬)</td><td>(৭)</td><td>(৮)</td><td>(৯)</td><td>(১০)</td><td>(১১)</td><td>(১২)</td><td>(১৩)</td><td>(১৪)</td><td>(১৫)</td><td>(১৬)</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

১। উক্ত ছকে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখাতিয়ারে আছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

**নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )**
**সিনিয়র সচিব**